

🔳 আত-তূর | At-Tur | الطُّور

আয়াতঃ ৫২:৮

💵 আরবি মূল আয়াত:

مَّا لَهُ مِن دَافِعٍ ﴿٨﴾

যার কোন প্রতিরোধকারী নেই। — আল-বায়ান

তার প্রতিরোধকারী কেউ নেই। — তাইসিরুল

এর নিবারণ করার কেহ নেই। — মুজিবুর রহমান

Of it there is no preventer. — Sahih International

৮. এটার নিবারণকারী কেউ নেই।(১)

(১) বলা হয়েছে, একে অর্থাৎ আপনার রবের শাস্তিকে কেউ প্রতিরোধ করতে পারবে না। বিভিন্ন বর্ণনায় এসেছে, একবার উমর রাদিয়াল্লাহু 'আনহু সূরা আত-তূর পাঠ করে যখন এই আয়াতে পৌছেন, তখন একটি দীর্ঘ নিঃশ্বাস ছেড়ে বিশ দিন পর্যন্ত অসুস্থ থাকেন। তার রোগ নির্ণয় করার ক্ষমতা কারও ছিল না। অন্য বর্ণনায় এসেছে, তিনি এক রাত্রে প্রজাদের অবস্থা দেখার জন্য ছদ্মবেশে বের হন, এমতাবস্থায় এক লোকের বাড়ির পাশে গিয়ে এ আয়াত শুনতে পান। তিনি তৎক্ষণাৎ অসুস্থ হয়ে পড়েন এবং এক মাসের মত সময় অসুস্থ ছিলেন। কেউ তার রোগ নির্ণয় করতে সক্ষম ছিল না। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(৮) এর নিবারণকারী কেউ নেই, [1]

[1] এটা হল উল্লিখিত শপথসমূহের জওয়াব। অর্থাৎ, এই সমস্ত জিনিস যা মহান আল্লাহর বিশাল ক্ষমতার নিদর্শন, এ কথা প্রমাণ করে যে, আল্লাহর সেই আযাব অবশ্যই সংঘটিত হবে, যার তিনি প্রতিশ্রুতি দিয়েছেন। তা কেউ রোধ করার কোন ক্ষমতা রাখে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4743

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন